ছাতকে ছাত্র-ড্রাইভার সংঘর্ষ ৫ জন আহত ঃ ২০টি গাড়ী ভাংচুর

সিলেট ব্যুরো ঃ ছাতকে তুচ্ছ ঘটনাকে কেন্দ্র করে শহরের জালালীয়া আলীম মাদ্রাসার ছাত্রদের সাথে ড্রাইভারদের সংঘর্ষে ৫ জন আহত হয়েছে। ভাংচুর করা হয়েছে ২০টি গাড়ী। গত সোমবার দুপুরে মাদ্রাসার সামনে ছাতক-সিলেট সড়কে এ সংঘর্ষের ঘটনা ঘটে। সংঘর্ষের পর এলাকায় টানটান উত্তেজনা বিরাজ করছে। শহরে অতিরিক্ত পুলিশ মোতায়েন করা হযেছে করা ।

জানা যায়, শহরের জালালীয়া আলীম মাদ্রাসার সামনে কয়েকজন ছাত্রের সাথে মাইক্রোবাস ষ্ট্যান্ড এর ড্রাইভারের সাথে কথা কাটাকাটি হয়। এ ঘটনার জের ধরে ছাত্র ও ড্রাইভারদের মাঝে সংঘর্ষ শুরু হয়। উভয় পক্ষ ইট-পাটকেল নিয়ে সংঘর্ষে জড়িয়ে পড়ে। প্রায় ঘন্টাব্যাপী দু'পক্ষের সংঘর্ষে ধাওয়া পাল্টা ধাওয়ায় ছাতক-সিলেট সড়কে সৃষ্টি হয় যানজট। সংঘর্ষে ২ মাদ্রাসা ছাত্র সহ ৫ জন আহত হয়। মাদ্রাসার আলীম ১ম বর্ষের ছাত্র দেলোয়ার হোসেনকে আশংকাজনক অবস্থায় সিলেট ওসমানী হাসপাতালে ভর্তি করা হয়েছে। অন্যদের ছাতক হাসপাতালে চিকিৎসা দেয়া হয়েছে। এদিকে ঘটনার খবর পেয়ে পুলিশ দ্রুত ঘটনাস্থলে পৌছে পরিস্থিতি নিয়ন্ত্রনে আনে।

মাদ্রাসার প্রিন্সিপাল মাওলানা আব্দুল আহাদ জানান, ড্রাইভার ও হেলপাররা ছাত্রীদের প্রায় সময়ই উত্যক্ত করার অভিযোগ পাওয়া গেছে। ঘটনার দিনও ছাত্রীদের উত্যক্ত করায় উত্তেজিত ছাত্ররা সংঘর্ষে জড়িয়ে পড়ে। ছাতক মাইক্রোবাস ষ্ট্যান্ডের চালক পরিষদের সহ-সভাপতি দবির আলম জানান, মাদাসার ছাত্ররা এক ড্রাইভারের সাথে ঝগড়া করে আমাদের উপর হামলা চালায়। ছাতক থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা শাহজালাল মুন্সি জানান, শহরের পরিস্থিতি স্বাভাবিক রাখতে মাদ্রাসার সামনে অতিরিক্ত পুলিশ মোতায়েন করা হয়েছে। সংঘর্ষের বিষয়টি আপোষ নিস্পত্তির চেষ্টা চলছে।

শবে বরাতের শিরনীর চাল আদায়কে কেন্দ করে সিলেটের জকিগঞ্জে এক ব্যক্তি খুন

সিলেট ব্যুরো ঃ শবে বরাতের শিরনীর চাল আদায়কে কেন্দ্র করে সিলেটের জকিগঞ্জে এক ব্যক্তি খুন হয়েছেন। নিহতের নাম ইমান উদ্দিন। তিনি উপজেলার বারঠাকুরি ইউনিয়নের রারি গ্রামের মৃত ইয়াসিন আলীর ছেলে। এ ঘটনায় পুলিশ আজ দুপুরে ৩ জনকে গ্রেফতার করেছে। গ্রেফতারকৃতরা হচ্ছে, একই এলাকার ইয়াকুব আলী , কাইয়ুম ও আকরাম আলী।

পুলিশ জানায়, রারি গ্রামে সকলের বাড়ি থেকে শবে বরাতের শিরনীর চাল নেওয়া হলেও ইমান উদ্দিনের বাড়ি থেকে চাল নেওয়া হয়নি। ইমান উদ্দিন গ্রামের মুরব্বিদের কাছে কেন চাল নেওয়া হয়নিঞ্জএর কারণ জানতে চান। তাকে জানানো হয়, একঘরে করে রাখার কারণে তার কাছে চাল নেওয়া হয়নি। এ সময় গ্রামের মুরব্বিদের সাথে বাকবিতণ্ডায় জড়িয়ে পড়ে ইমান উদ্দিন। এর জের ধরে রাত দেড়টায় তার বাড়িতে হামলা চালানো হয়। তাকে বেদম মারপিট করে কুপিয়ে রক্তাক্ত অবস্থায় ফেলে চলে যায় হামলাকারীরা। খবর পেয়ে পুলিশ ঘটনাস্থলে পৌঁছে ইমান উদ্দিনকে উদ্ধার করে সিলেট ওসামানী মেডিক্যাল কলেজ হাসপাতালে প্রেরণ করে। হাসপাতালে নেয়ার পথে রাত ৪ টায় অতিরিক্ত রক্তক্ষরণে সে মৃত্যুবরণ করে। এ ঘটনায় নিহতের স্ত্রী আয়নুর বেগম বাদী হয়ে ১৫ জনকে আসামী করে পরদিন সকালে জকিগঞ্জ থানায় মামলা দায়ের করেছেন। মামলা দায়েরের পর দুপুর ১২টায় পুলিশ ৩ জনকে গ্রেফতার করে। জকিগঞ্জ থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা হাবিবুর রহমান ঘটনার সত্যতা স্বীকার করে জানান, নিহতের লাশ ময়না তদন্তের জন্য মর্গে প্রেরণ করা হয়েছে। বারঠাকুরি ইউনিয়নের চেয়ারম্যান নাসির উদ্দিন জানান, পষ্টভাষী হওয়ার কারণে ইমান উদ্দিনকে গ্রামের লোকজন একঘরে করে রেখেছিল। তবে বিষয়টি তিনি আগে জানতেন না বলে জানান।

সিলেট ও মৌলভীবাজার জেলা ও সিলেট মহানগর আওয়ামী লীগের নতুন কমিটি আসছে শিগগিরই

সিলেট ব্যুরো ঃ খুব শিগগিরই ঘোষনা করা হচ্ছে সিলেট জেলা ও মহানগর আওয়ামী লীগের ভারসাম্যের নতুন কমিটি। একই সাথে মৌলভীবাজার জেলা আওয়ামী লীগের পুর্নাঙ্গ কমিটিও ঘোষিত হওয়ার সম্ভাবনা আছে। আওয়ামী লীগের একটি নীতিনির্ধারনী সুত্রে বিষয়টি জানা গেছে।

জানা যায়, ২০০৫ সালের ৩ অক্টোবর সিলেট জেলা আওয়ামী লীগের সর্বশেষ কাউন্সিলে ঘোষণা করা হয়েছিল চার সদস্যবিশিষ্ট কমিটি। ওই কমিটির সভাপতি পদে সাবেক সাধারণ সম্পাদক আ ন ম শফিকুল হক ও সাধারণ সম্পাদক পদে সাবেক যুগ্ম সাধারণ সম্পাদক ইফতেখার হোসেন শামীম নির্বাচিত হন। কমিটির অপর দুজন হলেন সিনিয়র সহসভাপতি আব্দুল জহির চৌধুরী সুফিয়ান ও যুগ্ম সাধারণ সম্পাদক আবদুল খালিক মায়ন। একই বছররের ২৩ নভেম্বর দুই সদস্যবিশিষ্ট মহানগর কমিটি গঠন করা হয়। কমিটির সভাপতির দায়িত্ব পান সাবেক সাধারণ সম্পাদক বদরউদ্দিন আহমদ কামরান এবং সাধারণ সম্পাদক করা হয় অ্যাডভোকেট মিসবাহ উদ্দিন সিরাজকে। কিন্তু মোট ১৪২ পদ-পদবির এ দুটি কমিটি ১৫ দিনের মধ্যে পূর্ণাঙ্গ করার জন্য বলা হলেও দীর্ঘ সাড়ে চার বছরেও তা পূর্ণাঙ্গ রূপ পায়নি। ১৩৬টি পদ খালি রেখেই চলে কার্যক্রম। তবে দলে বিরাজমান সংকট ও ত্রিমুখী কোন্দল নিরসনের লক্ষে ঞ্জকেন্দ্র থেকে বেশ কিছুদিন আগে উদ্যোগ নেয়া হয়। শুরু হয় নতুন কমিটি গঠনের কার্যক্রম। একপর্যায়ে দলীয় সভানেত্রীর হাতে জেলা ও মহানগর কমিটির তালিকাও তুলে দেয়া হয়। প্রস্তাবিত দুটি কমিটির মধ্যে সিলেট জেলায় আবদুজ জহির চৌধুরী সুফিয়ানকে সভাপতি ও সদর উপজেলা চেয়ারম্যান আশফাক আহমদকে সাধারণ সম্পাদক এবং মহানগর কমিটিতে সিলেট সিটি করপোরেশনের মেয়র বদরউদ্দিন আহমদ কামরানকে সভাপতি ও তরুন আওয়ামীলীগ নেতা দৈনিক উত্তরপুর্ব সম্পাদক শফিউল আলম চৌধুরী নাদেলকে সাধারণ সম্পাদক রাখা হয়। সিলেট মহানগরে শেষ পর্যন্ত বদরুদ্দিন কামরান আর শফিউল আলম নাদেলের নেতৃত্বে কমিটি গঠন চুড়ান্ত হয়েছে বলে জানা গেছে। তবে শেষ পর্যন্ত জেলা আওয়ামী লীগের নতুন সভাপতির দায়িত্ব পেতে পারেন বর্তমান সাধারণ সম্পাদক ইফতেখার হোসেন শামীম এবং সাধারণ সম্পাদক হিসেবে সদর উপজেলা চেয়ারম্যান আশফাক আহমদ।

হবিগঞ্জ সংঘর্ষে ৮০ জন আহত

সিলেট ব্যুরো ঃ হবিগঞ্জের মাধবপুর উপজেলায় শ্রমিক নিয়োগকে কেন্দ্র করে সোমবার দু'পক্ষের মধ্যে তিন ঘন্টাব্যাপী সংঘর্ষে কমপক্ষে ৮০ জন আহত হয়েছে। আহতদের পরিচয় জানা যায়নি। তাদেরকে হবিগঞ্জ ও ব্রাক্ষণবাড়িয়ার বিভিন্ন হাসপাতালে ভর্তি করা হয়েছে।

পুলিশ জানায়, রোববার রাতে মাধবপুরের খড়কী গ্রামের ফরিদ মিয়া ও আদম খাঁর মধ্যে পাট ক্ষেতে শ্রমিক নিয়োগকে কেন্দ্র করে তর্ক হয়। মাধবপুর থানার ওসি শেখ কবিরুল ইসলাম জানান, সকাল নয়টায় এ বিষয়ে সমাধানের জন্য স্থানীয় চেয়ারম্যান আজিজুর রহমান এর সভাপতিত্বে এক সালিশ বৈঠক বসে। এক পর্যায়ে সালিশ বৈঠকে উভয়পক্ষ সংঘর্ষে লিপ্ত হয়।

প্রায় তিন ঘন্টাব্যাপী এ সংঘর্ষে উভয়পক্ষের অন্তত ৮০ জন আহত হয়। পরে পুলিশ ঘটনাস্থলে পৌঁছে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে বলে জানান ওসি।

মৌলভীবাজার জেলা ছাত্রদলের কমিটি বিলুপ্ত

সিলেট ব্যুরো ঃ অভ্যন্তরীন কোন্দলে বর্ধিত সভা বাতিলের পর জাতীয়তাবাদী ছাত্রদলের মৌলভীবাজার জেলা কমিটি গত শনিবার রাতে বিলুপ্ত করেছে সংগঠনের কেন্দ্রীয় কার্যনির্বাহী সংসদ। জাতীয়তাবাদী ছাত্রদল কেন্দ্রীয় কার্যনির্বাহী সংসদের সভাপতি সুলতান সালাউদ্দিন টুকু ও সাধারণ সম্পাদক আমিরুল ইসলাম আলীম গত শনিবার রাতে এটি অনুমোদন করেন বলে প্রেস বিজ্ঞপ্তিতে জানান কেন্দ্রীয় ছাত্রদলের দপ্তর সম্পাদক বিলাল হোসেন স্বাক্ষরিত এক এ কথা জানানো হয়েছে।

প্রেস বিজ্ঞপ্তিতে জানানো হয়, কেন্দ্রীয় কমিটির সিদ্ধান্ত মোতাবেক মৌলভীবাজার ও হবিগঞ্জ জেলা ছাত্রদলের মেয়াদোত্তীর্ণ কমিটি শনিবার (২৪ জুলাই) থেকে বাতিল বলে কার্যকর হবে। অচিরেই মৌলভীবাজার ও হবিগঞ্জ জেলা ছাত্রদলের নতুন কমিটি গঠন করা হবে । এদিকে কমিটি বাতিলের পর আজ রোববার সকাল থেকেই জেলা ছাত্রদল আহবায়ক কমিটিতে আহবায়ক,যুগ্ম আহবায়ক পদ সহ অন্যান্য পদপ্রত্যাশীরা ঢাকায় অবস্থান করে শেষ মুহুর্তের লবিং চালিয়ে যাচ্ছেন। ছাত্রদল সুত্রে জানা গেছে, খুব শিগগিরই ঞ্জজেলা ছাত্রদলের আহবায়ক কমিটি গঠিত হচ্ছে।

দুর্বৃত্তের হামলায় সুনামগঞ্জে উপজেলা চেয়ারম্যান আহত

সিলেট ব্যুরো ঃ সুনামগঞ্জের শালা উপজেলা পরিষদ চেয়ারম্যান অবনী মোহন দাস (৫০) দুর্বৃত্তের হামলায় গুরুতর আহত হয়েছেন। আশঙ্কাজনক অবস্থায় তাকে সিলেট ওসমানী মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়েছে।

বুধবারঞ্জবেলা সাড়ে ৩টায় জেলা শহরের মলিকপুর এলাকার এ ঘটনা ঘটে।

সুনামগঞ্জের সহকারী পুলিশ সুপারিনটেনডেন্ট (সদর সার্কেল) গৌতম সাহা জানান , জেলা প্রশাসকের কার্যালয়ে আইনশৃঙ্খলা বিষয়ক সভা শেষে বাড়ি ফেরার পথে দুর্বৃত্তরা লোহার রড দিয়ে তাকে প্রচণ্ড মারধর করে। অজ্ঞান অবস্থায় তাকে হাসপাতালে ভর্তি করা হয়।

তিন শুল্ক স্টেশন দিয়ে ২৫ দিন ধরে কয়লা আমদানি বন্ধ ।। ৫০ হাজার শ্রমিক কর্মহীন

সিলেট ব্যুরো ঃ টানা ২৫ দিন ধরে কয়লা আমদানি বন্ধ থাকায় সিলেট ও সুনামগঞ্জের প্রায় ৫০ হাজার শ্রমিক-কর্মচারী বেকার হয়ে পড়েছে। সিলেটের তামাবিল ও সুতারকান্দি এবং সুনামগঞ্জের বড়ছড়া চারাগাঁও বাগলী শুল্ক স্টেশনে কয়লা (লোড-আনলোডসহ অন্যান্য) আমদানি কর্মকাণ্ডে কাজে এসব শ্রমিক-কর্মচারী জড়িত। শতকরা ১ ভাগের বেশি সালফারযুক্ত কয়লা আমদানিতে নিষেধাজ্ঞার কারণে গত ১ জুলাই থেকে উক্ত তিন শুল্ক স্টেশন দিয়ে কয়লা আমদানি বন্ধ হয়ে যায়।

বেঙ্গল এয়ার ট্রাভেলস
Bengal Air Travel
(Your travel partner since 1993)
T- 02073753291

উমরাহ্ বুকিং নেয়া হচ্ছে

প্যাকেজ সুবিধা সমূহ ঃ
এয়ার লাইন্স টিকেট, ভিসা, *নরমেল/ ৩ ষ্টার / ৪ ষ্টার / ৫ ষ্টার হোটেল মক্কা ও মদিনা* ✷ এয়ার কন্ডিশন ট্রান্সপোর্ট ✷ বিশেষজ্ঞ মোয়াল্লিম দ্বারা গাইড

আমাদের অন্যান্য সেবাসমূহ ঃ
বিশ্বের যে কোন গন্তব্যে এয়ারলাইন্সের টিকেট ইস্যু পাসপোর্ট সার্ভিস / নো- ভিসা / ট্রাভেল পারমিট প্রসেসিং, স্পন্সরসীপ ডিকলারেশন, পাওয়ার অব অর্টনি, নাম পরিবর্তন সহ ইমিগ্রেশন সমস্যার সমাধানে আমাদের সেবা গ্রহন করুন।

বাংলাদেশে দ্রুত টাকা
পাঠাতে বিশ্বস্ততার সাথে
আমাদের সেবা গ্রহণ করুন

বিস্তারিত যোগাযোগ করুন
মির্জা আসহাব বেগ
মির্জা আফছর বেগ

ATOL PROTECTED

Head office
241a Whitechapel Road, London E1 1DB
T- 02073753291 F: 02076507979 M: 07852210146 Email: bengalairtravel@yahoo.co.uk

Manchester office
91 Entwisle Road, Rochdale, Lancs, OL16 2JJ
T-01706526940

Bangladesh Office
Biswanath overseas expres
Station Rd, Biswanath, Sylhet

Prity Catering Wedding & Event Management Service

আমরা যে সকল সার্ভিস দিয়ে থাকি
. WEDDING . MEHENDI . BIRTHDAY PARTIES . ENGAGEMENT . BUSINESS . MEETING . HALL BOOKING . ANNIVERSAR

3 Osborn Street, London E1 6JD
Tel: 0207 375 2497
Mob: 0788 2447 011